

## কৃষিবিদ অস্ট্রেলিয়ার বার্ষিক সাধারণ সভা ও ঈদ পুনর্মিলনী ২০১৫

গত ২ রা অগাস্ট শনিবার গ্লেনফিল্ড কমিউনিটি হলে অনুষ্ঠিত হয় কৃষিবিদ অস্ট্রেলিয়ার বার্ষিক সাধারণ সভা ও ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষিবিদ অস্ট্রেলিয়ার সভাপতি কৃষিবিদ করিম ইকবাল। সভা পরিচালনা করেন সংঘটনের সাধারণ সম্পাদক কৃষিবিদ আবুল সরকার। সভাপতি তার স্বাগতিক বক্তব্যে কৃষিবিদ অস্ট্রেলিয়ার উপস্থিত সকল সদস্যদেরকে আন্তরিক ধন্যবাদ জানান অনুষ্ঠানে অংশ গ্রহণ করার জন্য।

সাধারণ সম্পাদক আবুল সরকার বিগত বছরের সাধারণ সভার মিনিটস উপস্থাপন করেন। সাধারণ সম্পাদক কৃষিবিদ অস্ট্রেলিয়ার বিগত বছরের কর্মকান্ড ও ভবিষ্যত কর্ম পরিকল্পনা নিয়ে তার বার্ষিক প্রতিবেদন পাঠ করেন। কৃষিবিদ অস্ট্রেলিয়ার কোষাধ্যক্ষ কৃষিবিদ হাফিজ রহমান বার্ষিক আর্থিক প্রতিবেদন পেশ করেন। সকল সদস্যদের সম্মতিক্রমে এই সব প্রস্তাবসমূহ অনুমোদন দেয়া হয়।

বিগত বছরে অস্ট্রেলিয়াসহ সারা বিশ্বে যেসব কৃষিবিদ আমাদের ছেড়ে চলে গেছেন তাদের বিদেহী আত্মার প্রতি সম্মাননা জানিয়ে এক মিনিট দাঁড়িয়ে নিরবতা পালন করা হয় ও দেয়া করা হয়।

মুক্ত আলোচনা পর্বে বিভিন্ন সাংগঠনিক ঘটনামূলক দিক নিয়ে আলোচনা হয়। এ পর্বে আলোচনায় অংশ গ্রহণ করেন কৃষিবিদ আশুল জলিল, কৃষিবিদ ড: আনোয়ারুল ইসলাম, কৃষিবিদ ওসমান গনি ও কৃষিবিদ ড: নির্মল পাল প্রমুখ।

সভাপতি সবাইকে ধন্যবাদ দিয়ে বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

জোহরের নামাজান্তে শুরু হয় ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান। এ পর্বে ছিল মজাদার খাবার ও আড্ডা এবং বাচ্চাদের জন্য জাম্পিং ক্যাসল। আবারো পুনর্মিলনের আশা নিয়ে পড়ন্ত বিকেল বেলায় এ মিলন মেলার সমাপ্তি ঘটে।

কৃষিবিদ জিয়াউল হক বাবলু, জনসংযোগ সম্পাদক, কৃষিবিদ অস্ট্রেলিয়া ইলেক কর্তৃক প্রচারিত





